দৈনিক ইত্তেফাক

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ৪ কলাম ৪

# বিএসএমএমইউ রিসার্চ মেথোডলজি বিষয়ক কর্মশালার উদ্বোধন

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে রিসার্চ মেথোডলজি বিষয়ক এক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।

কর্মশালার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান।

উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন)-এর অধীন রিসার্চ প্রোমোশন এন্ড এডমিনিস্ট্রেশন সেল (আরএপিসি)-এর উদ্যোগে আয়োজিত এ কর্মশালায় উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদারের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া (স্বপন), কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, সার্জারি অনুষদের ডীন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, বেসিক সায়েন্স ও প্যারা ক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান।